গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য সুরক্ষা ও চিকিৎসা উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য সুরক্ষা ও চিকিৎসা উপকরণ বিতরণ করেছেন মেহেরপুর জেলা আওয়ামীলীগ। আওয়ামীলীগের কেন্দ্রীয় ত্রাণ ও সমাজ কল্যাণ উপ কমিটির তত্ত্বাবধানে এসব উপকরণ প্রদান করেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এমএ খালেক।
গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রাশেদুল হাসান শাওনের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, আরএমও এমকে রেজা, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক ও স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা কর্মচারীবৃন্দ। অনুষ্ঠান পরিচালনায় ছিলেন, গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ইপি আই টেকনিশিয়ান আব্দুর রশীদ।
প্রদানকৃত উপকরণের মধ্যে রয়েছে, ফেস মাস্ক, সাবান, টুথপেস্ট, মশার কয়েল ও হ্যান্ড স্যানিটাইজার।

গাংনীর কাথুলীতে প্রধান মন্ত্রীর নগদ অর্থ ও খাদ্য সামগ্রী বিতরণ

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়ন পরিষদে মাননীয় প্রধান মন্ত্রীর

উপহার নগদ অর্থ ও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ বুধবার সকাল ৯.০০ সময় কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানার সভাপতিত্বে প্রধান মন্ত্রীর উপহার সামগ্রী বিতরন কার্যক্র্রম শুরু করেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক। আরো উপস্থিত ছিলেন।
ট্যাগ অফিসার উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু।

এছাড়াও উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়নের ইউ পি সদস্য বৃন্দ সহ গ্রাম পুলিশ বাহিনী।

এ বিষয়ে ইউ পি চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান অসহায় ও দুস্থ মানুষের জন্য কোভিড ১৯ মোকাবেলা করে যেন সুস্থ ভাবে চলতে পারে সেই জন্য আমাদের মাননীয় প্রধান মন্ত্রী জন নেত্রী শেখ হাসিনা উপহার হিসেবে নগদ অর্থ ও এই খাদ্য সামগ্রী দিচ্ছেন, এবারে ৩০০ জনকে এই নগদ অর্থ ও খাদ্য সামগ্রী প্রদান করা হলো। পরবর্তীতে আরো আসবে। আজকে ছিল নগদ অর্থ ৫০০ শত টাকা,১০ কেজি চাউল,১কেজি ডাউল,১কেজি লবন,১কেজি চিনি,১ প্যাকেট সেমাই, ১ টি সাবান,২ কেজি আলু, তেল ২ লিটার,১ প্যাকেট মাস্ক দেওয়া হলো। এবং কঠোর লক ডাউনে আপনারা ঘরে থাকুন নিজে ভালো থাকুন পরিবার কে ভালো রাখুন।আপনাদের খাদ্য ঘরে ঘরে পৌছে দিবে মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা।

দামুড়হুদায় থ্রি হুইলার চালকদের মাঝে খাদ্য সহায়তা প্রদান

দামুড়হুদায় থ্রি হুইলার চালকদের মাঝে খাদ্য সহায়তা প্রদান করেন উপজেলা প্রশাসন। দামুড়হুদা উপজেলা প্রশাসন করোনাকালে অসহায়

কর্মহীন হয়ে পড়া ১০৪ পরিবারের মাঝে খাদ্য সহায়তা দেওয়া হয়েছে।

মঙ্গলবার সকাল ১১ সময় দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে স্বাস্থ্যবিধি মেনে থ্রি হুইলার চালকদের মাঝে কর্মহীন মানুষের । এসময় উপস্থিত ছিলেন নির্বাহি অফিসার দিলারা রহমান,দামুড়হুদা ভুমি সহকারী কমিশনার সুদীপ্ত কুমার সিংহ, এসময় দামুড়হুদা

উপজেলা নির্বাহী কর্মকর্তা জানান করোনা থেকে রক্ষা পেতে হলে আমাদের সরকারের দেওয়া সকল ধরনের বিধিনিষেধ মেনে চলতে হবে। সীমান্তবর্তী এলাকাগুলোতে ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ। কয়েকদিনের ব্যবধানে মৃত্যুর হার বেড়েই চলেছে। আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল, সাধারণত এসময় করোনার সংক্রমণ হার বেড়েই চলেছে, হাসপাতালগুলোয় ৬০ ভাগ বয়স্ক মানুষ বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে ভর্তি থাকেন।

করোনার দ্বিতীয় ঢেউ ঠাকাতে এই নাগরিকদের সতর্কভাবে ঘরে থাকার পরামর্শ দেন তিনি। আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। এলাকায় নতুন করে যাতে আক্রান্ত না হয়, আমাদের সবাই কে সজাগ থাকার জন্য পরামর্শ দেন আগামীতে ভয়াবহ আকার ধারণ করতে পারে করোনার দ্বিতীয় ঢেউ। এ জন্য সবার মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।

চুয়াডাঙ্গা আত্মহত্যার প্ররোচনার মামলার অন্যতম আসামি শান্তি গ্রেফতার

চুয়াডাঙ্গা সদর থানাধীন মাখালডাঙ্গা গ্রামের সিদ্দিকুর রহমানের নাবালিকা কন্যা মোছাঃ সুমাইয়া আক্তার(১৪) তার নিজ বসতঘরে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যার চেষ্টা চালায়। তাকে উদ্ধার করে গুরুতর আহত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করলে, চিকিৎসাধীন অবস্থায় সুমাইয়া আক্তারের মৃত্যু হয়।

সুমাইয়া আক্তারের আত্মহত্যার ঘটনাটি জানাজানি হলে ঘটনাক্রমে জানা যায় যে ঘটনা রাত্রে সিদ্দিকুর রহমানের বাড়ির পাশে সাধুসঙ্গ ফকিরি গান হচ্ছিল। সিদ্দিকুর রহমানের বন্ধু লোকমান রহমান (৩৫) পিতা- মৃত জামাল গ্রামঃ নওদাপাড়া কুষ্টিয়া ।

সিদ্দিকুর রহমানের মেয়ে উল্লেখিত সময়ে সুমাইয়া আক্তারকে তারই বাড়ির মধ্যে একলা পেয়ে যৌন নির্যাতন করে।। এটা জানাজানি হলে লোকলজ্জা ও সম্ভ্রমহানির প্রত্যক্ষ কারণে এই সুমাইয়া আক্তার আত্মহননের পথ বেছে নেয়।

ঘটনাটি এলাকার আলোচিত ঘটনা হাওয়ায় ভিকটিমের বাদী মোঃ সিদ্দিকুর রহমান উল্লেখিত আসামি লোকমান ও তার গানের দলের সদস্য মোঃ শান্তি (৫০) আসামি করে একটি লিখিত অভিযোগ দাখিল করলে, চুয়াডাঙ্গা সদর থানার নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ এর ৯ক/৩০ রুজু করা হয় ।

মঙ্গলবার মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই হাসানুজ্জামান ইন্সপেক্টর (অপারেশন) একরামুল হোসেনের নেতৃত্বে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের একটি চৌকস টিম গোপন তথ্যের ভিত্তিতে এজাহার নামীয় পলাতক ২ নং আসামী মোঃ শান্তি (৫০),খাদিমপুর আলমডাঙ্গার মৃত ইয়াজউদ্দিন ছেলেকে টাঙ্গাইল জেলার ভূঞাপুর থানাধীন অর্জুনা গ্রাম হইতে গ্রেপ্তার করা করে।

এজাহারনামীয় পলাতক অপর আসামিদের গ্রেপ্তার অভিযান চলছে বলে জানিয়েছেন চুুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ আবু জিহাদ ফখরুল আলম খান ।

কুষ্টিয়ায় করোনায় ১৩ জনের মৃত্যু, নতুন শনাক্ত ২৩৪

কুষ্টিয়ায় গত ২৪ ঘণ্টায় করোনায় আক্রান্ত হয়ে ১৩ জনের মৃত্যু হয়েছে। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের করোনা ইউনিটে করোনায় তারা মারা গেছেন। এছাড়াও গত ২৪ ঘণ্টায় ৮০১ টি নমুনা

সংগ্রহ করে আরও ২৩৪ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে।

মঙ্গলবার করোনা ইউনিটে ১৩জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম। ২৫০ বেডের করোনা ডেডিকেটেড হাসপাতালে এখন শয্যার চেয়ে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা বেশি।

হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা. তাপস কুমার সরকার জানান, শয্যা না থাকায় এখন রোগীদের মেঝেতে ও করিডোরে রাখতে হচ্ছে। প্রতিদিনই হাসপাতালে করোনা আক্রান্ত এবং উপসর্গ নিয়ে আসা রোগীর সংখ্যা বাড়ছে। রোগীর চাপ যেভাবে বাড়ছে তাতে সেবা প্রদান করা কঠিন হয়ে দাঁড়াবে।

এদিকে, কুষ্টিয়া পিসিআর ল্যাবে গত ২৪ ঘণ্টায় জেলায় ৮০১ টি নমুনা সংগ্রহ করে আরও ২৩৪ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে জেলায় করোনায় আক্রান্তের সংখ্যা গিয়ে দাঁড়াল ৯ হাজার জনে। এদিকে, জেলায় লকডাউন কার্যকরে প্রশাসনের সঙ্গে সঙ্গে সেনাবাহিনী টহল দিচ্ছে। তারা মানুষকে নানাভাবে সচেতন করারও চেষ্টা করছে।

দামুড়হুদায় মামলাকৃত বসত বাড়ি দখলের অভিযোগ

দামুড়হুদা উপজেলার সদর ইউনিয়নের হাতিভাঙ্গা গ্রামের কৃষক মজিবার রহমানের মামলাকৃত জমির বসত বাড়ির জায়গা জোর পূর্বক দখলের অভিযোগ পাওয়া গেছে ।

অভিযোগ সূত্রে সরোজমিনে গিয়ে জানা যায়,দামুড়হুদার সরদের হাতিভাঙ্গা গ্রামের মৃত. রমজান আলীর ছেলে কৃষক মজিবার রহমান র্দীঘ প্রায় ১৬ বছর ধরে ক্রয়কৃত সম্পত্তি ৪ কাঠা জমি বসত বাড়ি তৈরি করে ভোগ দখল করে আসছেন।হঠাৎ বসত বাড়ির জমিতে মোক্তারপুর গ্রামের মৃত. আব্দুলের ছেলে আজিম ও সাইফুল, আবু শামার ছেলে শিলন,মৃত. রবজেলের ছেলে আঃ গফুর, মৃত. মোফাজ্জল গদা,আঃ গফুরের ছেলে জাহাঙ্গীর, মৃত. তাহাজ্জেলের ছেলে বক্কা জোর পূর্বক দখল

কিনেছিলো।এ বিষয়ে থানাতে বসাবসি হয়েছিল বলে জেনেছিলাম।

থানা উভয় পক্ষের ৩ মাস সময় দিয়েছিলেন মিমাংসা করার জন। পরবর্তীতে কি হয়েছে জানিনা। দামুড়হুদা মডেল থানায় এ এস আই মোসলেম উদ্দিনের নিকট হুমকি, ভয় ভীতি ঘর বাড়ি ভেঙে দেখিয়েএ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন,আমি কাউকে কোন হুমকি দিই নাই। আমি ঘটনাস্থলে গিয়ে ওসি স্যারের পক্ষ থেকে নোটিশ করেছি। আর সে মতে ডেকে নিয়েছি। জমি জাইগার বিষয়ের মামলা নিয়ে প্যারা হবে সেজন্য উভয় পক্ষকে নিয়ে ওসি স্যার নিজেই করেছে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক বলেন, মজিবার খুবই দুষ্ট প্রকৃতির লোক। সে একজনের কাছে জমি কিনে আর একজনের জমি দখল করে আছে। এবিষয়ে আমি তাদের দু পক্ষ কে থানায় ডেকে একটি আপোষ মিমাংসা করি। মজিবার তা না মেনে পুলিশের নামে মিথ্যা অভিযোগ করে বেড়াচ্ছে। তাকে কোনো ভয় ভিতি দেখানো হয়নি।

কুষ্টিয়ায় লকডাউন অমান্য করায় ৫৭ জনকে অর্থদণ্ড

সপ্তাহব্যাপী ঘোষিত লকডাউনের পঞ্চম দিন সোমবার (৫ জুলাই) সরকারি বিধি-নিষেধ অমান্য করায় কুষ্টিয়ায় ৫৭জনকে অর্থদণ্ড করেছে ভ্রাম্যমাণ আদালত। মঙ্গলবার দিনব্যাপী জেলার ছয়টি উপজেলায় পৃথক পৃথক ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এই অর্থদণ্ড প্রদান করা হয়।

জানা গেছে, করোনা সংক্রমণ রোধে সারাদেশে ১ জুলাই থেকে ৭ জুলাই এক সপ্তাহ কঠোর লকডাউনের ঘোষণা দেওয়া হয়েছে। লকডাউন কার্যকর করতে সোমবার জেলার সকল উপজেলায় আলাদা আলাদা ভ্রাম্যমাণ আদালতের পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর টহল জোরদার করা হয়। কিন্তু সরকারি বিধিনিষেধ উপক্ষো করে দোকান-পাট খোলা, অযথা ঘোরাফেরা ও স্বাস্থ্যবিধি না মানায় পৃথক ভ্রাম্যমাণ আদালত অভিযান চালায়।

অভিযানে স্ব-স্ব উপজেলা নির্বাহী অফিসার (ইউএ্নও) ও নির্বাহী ম্যাজিস্ট্রে, সহকারী কমিশনার (ভুমি) ৬২ টি মামলায় ৪২ হাজার ৩শ

টাকা অর্থদণ্ড প্রদান করেন। কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, দিনব্যাপী অভিয়ান পরিচালনা করে জেলা ছয়টি উপজেলায় ৫৭জনকে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মুল) আইন, ২০১৮ (দন্ডবিধি,১৮৬০) বিধি মোতাবেক ৪২ হাজার ৩শ টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

তিনি আরও জানান, লকডাউন কার্যকর ও জনসাধারণকে সচেতন করতে সকল উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উপজেলায় মাইকিং করা হয়েছে। পাশাপাশি ভ্রাম্যমাণ আদালত ও আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা মাঠে রয়েছে। যারা সরকার ঘোষিত নির্দেশনা অমান্য করবে তাদের বিরুদ্ধেই ব্যবস্থা নেওয়া হবে।

এদিকে, সীমান্তবর্তী জেলা কুষ্টিয়ায় করোনা সংক্রমণ আশঙ্কাজনক হারে বাড়ছে। কুষ্টিয়া জেনারেল হাসপাতালে গত ২৪ ঘণ্টায় আরও ১৩ জনের মৃত্যু হয়েছে।এছাড়াও গত ২৪ ঘণ্টায় ৮০১ টি নমুনা সংগ্রহ করে আরও ২৩৪ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে।

কুষ্টিয়ায় পশুহাট বন্ধ করলেন ইউএনও

কুষ্টিয়ার দৌলতপুরে লকডাউনে পশুর হাট, বন্ধ করলেন ইউএনও। মঙ্গলবার করোনাভাইরাসের সংক্রমণ রোধে সরকার ঘোষিত কঠোর লকডাউন উপেক্ষা করে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার মথুরাপুরে বসেছিল পশুর হাট। খবর পেয়ে তাৎক্ষণিক সেখানে উপস্থিত হয়ে পশুর হাট বন্ধ করে দিয়েছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শারমিন আক্তার।

জানা গেছে, মথুরাপুর পশুর হাটের পূর্বনির্ধারিত দিন মঙ্গলবার সকালে হাটের কার্যক্রম শুরু হয়। উপজেলার বিভিন্ন এলাকা থেকে হাটে আনা হয় কয়েকশ গরু-ছাগল। হাটে তিন শর বেশি মানুষ উপস্থিত হয়। হাটে স্বাস্থ্যবিধির কোনো বালাই নেই। এখানে আসা লোকজনের মুখে মাস্কও নেই। কঠোর লকডাউনের মধ্যে এমন হাট ও জনসমাগম নিয়ে প্রশ্ন তুলেছিলেন অনেকে।

খবর পেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শারমিন আক্তার এসে হাটের কেনাবেচা বন্ধ করে দেন। হাটের আয়োজকরা বলেন, সাপ্তাহিক হাট বন্ধ ঘোষণা করা হয়েছিল। ক্রেতা-বিক্রেতারা চলে আসায় আমাদের কিছু করার ছিল না। প্রশাসন এ ব্যাপারে সহযোগিতা করায় হাট বন্ধ রাখা সম্ভব হয়েছে।

হাটের ইজারাদার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সাক্কির আহমেদ জানান, করোনার কারনে গেল বছর এবং এবার মিলে হাট মালিকদের লাখ লাখ টাকা ক্ষতি হয়েছে। আমার নামে হাট থাকলেও অংশীদার আছে এলাকার ৩০-৩৫ জন। দৌলতপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) শারমিন আক্তার জানান, পশুর হাটটি চলছে জানামাত্রই আমি দ্রুত ঘটনাস্থলে গিয়ে ব্যবস্থা নিয়েছি। হাটটি বন্ধ করে দেওয়া হয়েছে। ক্রেতা- বিক্রেতাদের সরকারি নির্দেশনা মানার জন্য অনুরোধ করা হয়েছে। তবে কাউকে জরিমানা করা হয়নি।

ঝিনাইদহের ঘোড়শাল ও পাগলা কানাই ইউনিয়নে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার ১৪নং ঘোড়শাল ইউনিয়নে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ সহ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১১টায় ঘোড়শাল ইউনিয়ন পরিষদ চত্বরে এ কার্যক্রমের উদ্বোধন করেন, ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজিম আনার। অনুষ্ঠানে ঘোড়শাল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পারভেজ মাসুদ লিল্টন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন কালীগঞ্জ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান শিবলী নোমান, ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ট্যাগ কর্মকর্তা নিউটন বাইন, ইউপি সচিব প্রতাপ বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক রনজিৎ কুমার বিশ্বাস প্রমুখ।

এসময় বক্তারা বলেন, আপনারা সকলে ঘরে থাকুন, স্বাস্থ্যবিধি মেনে

চলুন। মাননীয় প্রধানমন্ত্রী সব সময় আপনাদের পাশে ছিলো, আছে, ইনশাআল্লাহ আগামীতে থাকবে। অনুষ্ঠানে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ৫শত পরিবারের মাঝে ৫শত টাকা করে প্রধানমন্ত্রীর উপহার ও বিভিন্ন প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ ৫টি পরিবারের মাঝে ৫হাজার টাকা করে অর্থ সাহায্য প্রদান করা হয়।

অপর দিকে সদর উপজেলার ৮নং পাগলা কানাই ইউনিয়নে কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ করা হয়েছে। মঙ্গলবার সকাল ১০টায় ইউনিয়ন পরিষদ মিলনায়তনে এ উপহার বিতরণ করা হয়। অনুষ্ঠানে পাগলা কানাই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এ কে এম নজরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগ সভাপতি এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। এছাড়াও উপস্থিত ছিলেন ইউপি সচিব বিশ্বজিৎ কুমার বিশ্বাস, প্যানেল চেয়ারম্যান নাজিম উদ্দীন, ইউপি সদস্য আসাদুজ্জামান সুজন সহ সকল ইউপি সদস্যবৃন্দ। আলোচনা সভা শেষে, কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ইউনিয়নের ৫শত পরিবারের মাঝে, ৫শত টাকা করে প্রধানমন্ত্রী দেওয়া নগদ অর্থ বিতরণ করা হয়।

করোনাকালে মানবিকতার প্রতিচ্ছবি ঝিনাইদহের পুলিশ

তখন গভীর রাত। সবাই ঘুমে আচ্ছন্ন। ঘুটঘুটে অন্ধকার। জনমানব ও যানবাহনহীন রাস্তা। বাড়িতে হঠাৎ অসুস্থ হয়ে পড়লেন স্ত্রী। প্রচন্ড শ্বাস কষ্ট নিয়ে জীবন প্রদ্বীপ প্রায় যায় যায় অবস্থা। মুমুর্ষ স্ত্রীকে হাসপাতালে নিয়ে যাওয়ার কোন উপায় নেই। স্ত্রীর বাঁচার এই আকুতি দেথে আরো অসহায়ত্ব বোধ করেন স্বামী।

এই অবস্থায় স্বামী ফোন করলেন পুলিশকে। এই মধ্যরাতে পুলিশের টহল গাড়ি এসে স্ত্রীকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করালেন। গল্পটি সিনেমা বা নাটকের নয়। গত সোমবার মধ্যরাতে ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক সমকালের জেলা